

আ্যপে ডাটা সংরক্ষণ বিষয়ে সতর্কতাবলি




Digital
Literacy
Center





ভাইয়া
তুমি কী ব্যস্ত?

না। কী বলবি বল।



আচ্ছা অ্যাপে
ডাটা সংরক্ষণ বিষয়ে
আমাকে একটু
ধারণা দাও তো

ঠিক আছে।

শোন, আমরা বিভিন্ন প্রয়োজনে যেমন
গবেষণার কাজে, স্লাইড প্রেসেন্টেশনে
ছবি ডাউনলোড করার জন্য গুগল
ক্রোম ব্যবহার করে থাকি।

এ অবস্থায় গুগল ক্রোম ব্রাউজারের ডাটা সেভার
নামের ফিচারটি চালু করা থাকলে বিভিন্ন ছবি ও
ওয়েব সাইটের তথ্য সংকুচিত করে মোবাইলে দেখাবে।



এতে করে তোমার মোবাইল ডাটার খরচ
অনেকটা কমে গেলেও ডাউনলোড
করা ছবি ব্যবহারযোগ্য থাকবে না।

এজন্য প্রয়োজনীয় তথ্য, ছবি বা ভিডিও
ডাউনলোড করার সময় ব্রাউজারের ডাটা
সেভার অপশনটি অফ করে নিতে হবে।

তারপর অডিও বা ভিডিও স্ট্রিমিং এর ক্ষেত্রে ডাটা সাশ্রয়ের জন্য
আমরা অনেকসময়ই স্ট্রিমিং এর কোয়ালিটি একদম কমিয়ে রাখি

টুইটার, ইনস্টাগ্রাম ও ফেসবুক অ্যাপে
আমরা এই ধরনের সুযোগ নিয়ে থাকি।

কিন্তু অডিও বা ভিডিও স্ট্রিমিং যদি বেশ গুরুত্বপূর্ণ
হয়ে থাকে যেমন অনলাইন কোর্সে অংশগ্রহণ,
টেলিমেডিসিন সেবা গ্রহণ, সরাসরি ক্লাসে
অংশগ্রহণ তাহলে স্ট্রিমিং এর কোয়ালিটি কমিয়ে
রাখার জন্য আমরা সেই ভিডিও থেকে কাজক্ষিত
ফলাফল লাভ করতে পারব না।

এজন্য এই বিষয়টি মাথায় রেখে অডিও ও
ভিডিও-এর কোয়ালিটি নিয়ন্ত্রণ করতে হবে।

